

Bengali

লিংক আপ

বেনিফিট সংক্রান্ত সাহায্য প্রদান

গেইটসহেড কাউন্সিল

হাউসিং এবং কাউন্সিল ট্যাক্স বেনিফিটের খরচ প্রদানের মাধ্যমে গেইটসহেড কাউন্সিল আপনার বাড়ির খরচ কমানোর বিষয়ে সাহায্য করতে পারবে।

কারা আবেদন করতে পারবেন ?

যাদের বয়স ১৬ বছর বা উর্ধে এবং অল্প আয় করেন (লো ইনকাম) এবং যারা বাড়ি ভাড়া এবং/বা কাউন্সিল ট্যাক্সও দেন , যারা

- ফুল টাইম বা পার্ট টাইম বা সেল্ফ-এমপ্লয়েড
(দীর্ঘ মেয়াদী বা সল্প মেয়াদী চাকরিতে নিযুক্ত বা নিজস্ব ব্যবসা আছে)
- চাকরিহীন
- অবসরপ্রাপ্ত

আপনি আশ্চর্য হবেন যে আমরা কি পরিমাণ সাহায্য করতে সক্ষম, তাহলে আর দেরী করবেন না, আজই আমাদের সাথে যোগাযোগ করুন।

আরো তথ্যাদি জানার জন্য বা সাহায্য পাওয়ার জন্য যোগাযোগ করুন (0191)433 4646 বা ইমেল করুন benefitenquiries@gateshead.gov.uk.

দ্যা পেনশন সার্ভিস

পেনশন সার্ভিস আপনাকে বেনিফিট সংক্রান্ত বিষয়ে পরামর্শ এবং আবেদনপত্র পূরণ করতে সাহায্য করতে পারবে। আমরা বাড়িতে এসে সব ধরনের আবেদনপত্র পূরণ করার ব্যবস্থা করতে পারি , যারা তাদের নিজেদের বিষয়ে দেখাশুনা করতে পারে না তাদের জন্য নিরধারিত মুখ্যপাত্রের ব্যবস্থা করা এবং পরামর্শ দেওয়া এবং ভিন্ন স্থানীয় সংস্থা সম্পর্কিত তথ্যাদি দিয়ে থাকি। আমাদের সার্ভিস সম্পূর্ণ গোপনীয়তা সহকারে দেওয়া হয় এবং কাস্টমারের বা গ্রাহকদের ব্যক্তিগত তথ্যাদি তাদের অনুমতি ছাড়া অন্যান্য সংস্থাসমূহকে সরবরাহ করা হয় না।

যোগাযোগ করুন:

0191 201 1636 বা 0191 201 1638 বা ইমেল Pensions-Gateshead-and-South-Tyneside@obsentreplus.gsi.gov.uk